

অধ্যায়:এই দেশ এই মানুষ

গল্পটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- বাঙালি ও অন্যান্য জাতিগোষ্ঠীর মানুষের পরিচয়
- বাংলাদেশের মানুষের বিভিন্ন পেশার বর্ণনা
- বাংলাদেশের বিভিন্ন ধর্মীয় উৎসবের বর্ণনা
- নিজের দেশকে ভালোবাসার প্রয়োজনীয়তা

গল্পটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

বাংলাদেশের বেশিরভাগ মানুষ বাংলায় কথা বলে । এরা বাঙালি । বাঙালি ছাড়াও এদেশে বাস করে চাকমা, মারমা, গারো ইত্যাদি ক্ষুদ্র জাতিগোষ্ঠীর মানুষ । এখানে রয়েছে মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ইত্যাদি ধর্মের মানুষ । সবারই আছে নিজ নিজ ধর্মীয় উৎসব । এদেশের প্রকৃতিতেও আছে বৈচিত্র্য । এই সবকিছু নিয়েই আমাদের প্রিয় বাংলাদেশ ।

*শিক্ষার্থীরা গল্পের (প্রথম অংশ) সার্থক জনম আমার.....

.....

..... । গড়ে তুলেছে এই দেশ ।

আমার বাংলা বই(০১পৃষ্ঠা ও ০২ পৃষ্ঠা)

পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

সৌভাগ্য=ভালো ভাগ্য ।

প্রকৃতি=নিসর্গ ।

সার্থক=সফল ।

বৈচিত্র্য=বিভিন্নতা ।

পার্বত্য=পাহাড়ি ।

***পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :**

১. 'সার্থক জনম আমার জন্মোছি এই দেশে' কবির এ কথার অর্থ কি?
২. বাংলাদেশের প্রায় সকল লোক কোন ভাষায় কথা বলে?
৩. প্রকৃতির বৈচিত্র্যের পাশাপাশি মানুষ ও ভাষার মধ্যে কি মিল রয়েছে?
৪. বাংলাদেশের পার্বত্য জেলাগুলোতে কারা বাস করে?
৫. বাংলাদেশের বাইরে কোন দেশে বাঙালি রয়েছে?
৬. সাঁওতাল আমাদের দেশের কোথায় রয়েছে?
৭. জামালপুরে কোন ক্ষুদ্র জাতিসত্তা বসবাস করে?
৮. ক্ষুদ্র জাতিসত্তার লোকজন কোন ভাষায় কথা বলে?
৯. কিসে বাংলাদেশের গৌরব?
১০. হিন্দু, মুসলমান, বৌদ্ধ ও খ্রিষ্টান যুগ যুগ ধরে কিভাবে বসবাস করছে?
১১. জেলে, কুমার, কৃষক এদের মধ্যে সম্পর্ক কি?
১২. কিভাবে এক পেশার মানুষ অন্য পেশার মানুষকে সাহায্য করে?
১৩. কারা এদেশকে গড়ে তুলছে?

***যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:**

র্থ, ন্না, ত্র, প্র, কৃ, ত্ত, ষ্ণ, জ্জ, ক্ক, র্ম, য্য

ওয়ার্ড বুকের (০৭ পৃষ্ঠার) সমার্থক শব্দ পড়বে: